প্রথম আলো

তারিখ 25 JUL 2005
পৃষ্ঠা ৩ কলাম ৪

সাবেক রেজিস্ট্রারের ফিরে আসার গুজবে উত্তেজনা

জাতীয় বিশ্ববিদ্যালয়ে শৃঙ্খলা ফিরিয়ে আনতে অফিস আদেশ জারি

গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদ গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তর ও বিভাগ পরিদর্শন এবং এর প্রধানদের সঙ্গে বৈঠক করেছেন। বিশ্ববিদ্যালয়ে শৃঙ্খলা ফিরিয়ে আনতে গতকাল এক অফিস আদেশ জারি করা হয়েছে।

ভারপ্রাপ্ত রেজিস্ট্রার স্বাক্ষরিত ওই আদেশে কর্মকর্তা-কর্মচারীদের বিভাগীয় প্রধানদের অনুমতিদান ছাড়া কর্মস্থল বাইরে অবস্থান না করার নির্দেশ দেওয়া হয়। এতে উদ্দেশ্য অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করা হয়।

নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জানান, এ অফিস আদেশের কারণে গতকাল আফতাবপন্থি ও বিরোধীদের মধ্যে নিশ্চিত গোলযোগ ঠেকানো গেছে।

এদিকে সাবেক রেজিস্ট্রার ফিরোজ আহমদ আখতার স্বপদে ফিরে আসছেন বলে ক্যাম্পাসে জোর গুজব ছড়িয়ে পড়েছে। গতকাল আফতাববিরোধীরা তাকে ক্যাম্পাসে স্বাগত জানাতে প্রস্তুতি নেন। আর আফতাবপন্থিরা তাকে ঠেকাতে সেকশন অফিসার খন্দকার হানিফের নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে অবস্থান নেন। এ নিয়ে ক্যাম্পাসে চাপা উত্তেজনা বিরাজ করে।

এ ব্যাপারে ফিরোজ আখতার বলেন, তিনি গুরুতর অসুস্থ। তিনি ক্যাম্পাসে যাবেন কীভাবে। একটি মহল ক্যাম্পাসে অস্থিতিশীলতা সৃষ্টির জন্য এসব অপপ্রচার চালাচ্ছে।

প্রসঙ্গত, গত বছরের ২৮ ফেব্রুয়ারি ফিরোজকে রেজিস্ট্রার পদ থেকে সরিয়ে পরিচালক (শারীরিক শিক্ষা) পদে বদলি করা হয়।